

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.২৩-৩৪৩

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১
০২ জুন ২০২৪

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানাপল্টন, ঢাকা।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে নতুন সরকারিকরণকৃত “আদিতমারী সরকারি ডিগ্রি কলেজ, আদিতমারী, লালমনিরহাট” এর অনুকূলে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানের প্রেক্ষিতে পদায়নকৃত শিক্ষক ও কর্মচারীগণের ০২টি উৎসব ভাতা, বৈশাখী ভাতা এবং ০৬ মাসের (জানুয়ারি/২০২৪ হতে জুন/২০২৪ পর্যন্ত) বেতন-ভাতা বাবদ মোট ২,৩৯,৭৬,০০০.০০ (দুই কোটি উনচল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা চলতি ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ‘১২৫০২০৭০০০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহ’-এর অনুকূলে ‘* ৩৯১১১১১-সাধারণ খোক বরাদ্দ’ খাতে বরাদ্দকৃত অর্থ হতে ‘৩১-কর্মচারীদের প্রতিদান’ খাতে নিয়োক্ত বিভাজন ও শর্তে পুনঃউপযোজনের মাধ্যমে বরাদ্দ প্রদান করা হলো:

বেতন-ভাতার বিভাজন নিম্নরূপ:

(অংকসমূহ হাজার টাকায়)

আদিতমারী সরকারি ডিগ্রি কলেজ, আদিতমারী, লালমনিরহাট কর্মরত কর্মকর্তা- ৮৮জন, কর্মচারী- ২৮জন।	
কোড ও বিবরণ	০৬ মাসের বেতন-ভাতাদি বাবদ চাহিদা
৩১১১১০১-কর্মকর্তাদের বেতন	৯০৪৯
৩১১১২০১-কর্মচারীদের বেতন	৯২১
৩১১১৩০৬-শিক্ষা ভাতা	৩৪৭
৩১১১৩১০-বাড়ী ভাড়া ভাতা	৬২৮৪
৩১১১৩১১-চিকিৎসা ভাতা	৮১৪
৩১১১৩১৪-টিফিন ভাতা	২৩
৩১১১৩১৬-খোলাই ভাতা	৯
৩১১১৩২৫-উৎসব ভাতা	৫৪৬৩
৩১১১৩৩৫-বাংলা নববর্ষ ভাতা	৫৪৭
৩১১১৩৫২-বিশেষ সুবিধা	৫১৯
উপমোট বেতন-ভাতাদি	২৩৯৭৬

শর্তাবলী:

- বরাদ্দকৃত এ অর্থ চলতি ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের “১২৫০২০৭০০০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহ”-এর অনুকূলে সংশ্লিষ্ট কোডে সমন্বয় করতে হবে;
- এ সকল শিক্ষক ও কর্মচারী সরকারি তহবিল হতে বেতন-ভাতাদি পেয়ে থাকলে তা সমন্বয় করে বেতন-ভাতা পরিশোধ করতে হবে;
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- নিয়োগকৃত শিক্ষক ও কর্মচারীর বেতন-ভাতাদি পরিশোধ ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে অর্থ ছাড় করা যাবে না;
- ছাড়কৃত অর্থের মধ্যে অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে; এবং
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২.০ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২০.০৫.২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১০২.২০.০২২.২৪-২৯৭ নং স্মারকে জারিকৃত পত্রের সম্মতি ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


৩৮:/-
(লিউজা-উল-জানাহ)
উপসচিব
ফোন: ৯৫১২২০৫

ই-মেইল: moebudgetsection@gmail.com

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.২৩-৩৪৩/১(০২)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১
০২ জুন ২০২৪


সরকারি আদেশ'টি পৃষ্ঠাংকনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণের জন্য ০২ (দুই) কপি অর্থ বিভাগে (উপসচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট-২) প্রেরণ করা হল।


(লিউজা-উল-জান্নাহ)
উপসচিব

স্মারক নং ০৭.০০.০০০০.১০২.২০.০২২.২৪- ৪২৯

তারিখ: ০৬/০৬/২৪

সরকারি আদেশের প্রতিস্বাক্ষরিত ০১ (এক) কপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করা হল।



০৬.০৬.২০২৪
বাজেট শাখা-২

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় জামিল
সিনিয়র সহকারী সচিব
৩৬৯ ডিবিডা, অর্থ মন্ত্রণালয়
৩৬৯ ডিবিডা, অর্থ মন্ত্রণালয়
তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১
০২ জুন ২০২৪

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.২৩-৩৪৩/১(০৫)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. অধ্যক্ষ, আদিতমারী সরকারি ডিগ্রি কলেজ, আদিতমারী, লালমনিরহাট
০৪. ব্যক্তিগত কর্মকর্তা (অর্থ ও প্রশাসন অনুবিভাগ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. অফিস কপি/ সংরক্ষণ কপি।


(লিউজা-উল-জান্নাহ)
উপসচিব